

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
মনিটরিং ও রিপোর্ট শাখা  
www.moa.gov.bd



স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.৩১৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.৩] অনুসারে ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত' সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.৩] অনুসারে ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত' সভা গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে যুগ্ম সচিব (বাজেট ও মনিটরিং) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৫-৯-২০২২

রুנו সাহা

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৯২

ইমেইল:

monitoring.reporting@yahoo.com

বিতরণ :

- ১) কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান গণ
- ২) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.৩১৬/১(৫)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়(কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

১৫-৯-২০২২

বুনা সাহা

সিনিয়র সহকারী সচিব



বিষয়: কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.৩] অনুসারে ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত' সভার কার্যবিবরণী।

সভাপতি : নাজিয়া শিরিন, যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কৃষি মন্ত্রণালয়।

সভার স্থান : কক্ষ নং-৫১৯

সভার তারিখ : ১৪ সেপ্টেম্বর ২০২২।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব (মনিটরিং ও রিপোর্টিং) সভাকে অবহিত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.৩] অনুসারে ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন' সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

- ১.২। সভাপতি সভায় উপস্থিত সকলকে অভিনন্দন জানান এবং অবহিত করেন যে, সেবা প্রাপ্তি সহজিকরণ, সেবা প্রাপ্তি সুলভ করা, সেবা প্রদান পদ্ধতিতে স্বচ্ছতা আনয়ন এবং সেবা প্রদানকারী দপ্তরের দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধির উদ্দেশ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদের সফল বাস্তবায়ন অনিয়ম, দায়িত্বহীনতা, পক্ষপাত, সম্পদের অপব্যবহার, দুর্নীতি ইত্যাদি দূর করে প্রতিষ্ঠানের সময়াবদ্ধতা, সততা ও নিষ্ঠা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা, সংবেদনশীলতা, ন্যায়পরায়নতা, সমতা ও পক্ষপাতহীনতা, শোভন আচরণ তথা সংস্কৃতির উন্নয়ন ঘটায় এবং জবাবদিহিতার সংস্কৃতি প্রতিষ্ঠা করে।
- ১.৩। সভায় জানানো হয় যে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়নের ক্ষেত্রে সেবার নাম, প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান, সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি এবং সেবা প্রদানের সময়সীমা সঠিকভাবে নির্ধারণ করা জরুরি। দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও হালনাগাদের বিষয়ে সভায় নিম্নোক্ত আলোচনা হয়:

দপ্তর/সংস্থা	দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি	কৃষি মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)	নাগরিক সেবা (সেবা নং: ১০): ১. সেবার নাম: সার ও সার জাতীয় দ্রব্যের নিবন্ধন নবায়ন; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: ট্রেজারি চালান- ১০০০/=	ট্রেজারি চালানোর কোড নম্বর এবং আবেদন ফরমের লিংক সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)	প্রাতিষ্ঠানিক সেবা (সেবা নং: ২): ১. সেবার নাম: বেসরকারি সংস্থার বীজ ক্রিনিং গ্রেডিং কাজের অনুমোদন; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: সেবা মূল্যের লিংক সংযুক্ত	সেবা মূল্যের লিংক সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)	নাগরিক সেবা (সেবা নং: ২): ১. সেবা প্রদান প্রতিশ্রুতি ৭ কলামে হতে হবে; ২. সেবার নাম: বিবিলিওগ্রাফিক সার্ভিস - সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: উল্লেখ নাই	সেবা প্রদান প্রতিশ্রুতি ৭ কলামে প্রণয়ন এবং বিবিলিওগ্রাফিক সার্ভিস এর ক্ষেত্রে সেবা মূল্য পরিশোধের ফরমেট (কোর্ট ফি/স্ট্যাম্প/ চালান/নগদ/ব্যাংকে জমা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।



দপ্তর/সংস্থা	দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি	কৃষি মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)	<u>দাপ্তরিক সেবা (সেবা নং: ১):</u> ১. সেবার নাম: প্রজনন ও মানসম্পন্ন বীজ সরবরাহ; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: সরকার নির্ধারিত মূল্যের লিংক সংযুক্ত	সরকার নির্ধারিত মূল্যের লিংক সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (রি)	<u>প্রাতিষ্ঠানিক সেবা:</u> ১. সেবার নাম: ব্রিডার বীজ ও মানসম্মত বীজ সরবরাহ; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: নির্ধারিত মূল্য প্রদান নির্দিষ্ট রশিদের মাধ্যমে মূল্য পরিশোধ	নির্ধারিত মূল্যের লিংক সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই)	<u>অভ্যন্তরীণ সেবা (সেবা নং ৪ ও ৫):</u> ১. সেবার নাম: অর্জিত ছুটি মঞ্জুর; সেবা প্রদানের সময়সীমা: ১৫ কর্মদিবস ২. বহি: বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর; সেবা প্রদানের সময়সীমা: ৩০ কর্মদিবস	উল্লিখিত সেবা দুইটির সেবা প্রদানের সময়সীমা যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)	<u>নাগরিক সেবা (সেবা নং: ৬):</u> ১. সেবার নাম: আখ বীজ বিক্রয়- সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: প্রতি কেজি ২.৮৫ টাকা	সেবা মূল্য পরিশোধের ফরমেট (কোর্ট ফি/স্ট্যাম্প/ চালান/নগদ/ব্যাংকে জমা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে
বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট (বিনা)	<u>দাপ্তরিক সেবা (সেবা নং: ১-৩):</u> ১. সেবার নাম: প্রজনন বীজ সরবরাহ; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: সরকার নির্ধারিত মূল্যে (নগদ) ২. সেবার নাম: মানসম্পন্ন বীজ সরবরাহ; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: সরকার নির্ধারিত মূল্যে (নগদ)/বিনামূল্যে ৩. সেবার নাম: জীবাণু সার সরবরাহ; সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: সরকার নির্ধারিত মূল্যে (নগদ)	নির্ধারিত মূল্যের লিংক সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)	<u>অভ্যন্তরীণ সেবা (সেবা নং ৭ ও ৮):</u> ১. সেবার নাম: শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর; সেবা প্রদানের সময়সীমা: ৭ কার্যদিবস ২. সেবার নাম: অর্জিত ছুটি মঞ্জুর; সেবা প্রদানের সময়সীমা: ৭ কার্যদিবস	উল্লিখিত সেবা দুইটির সেবা প্রদানের সময়সীমা যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
কৃষি তথ্য সার্ভিস (এআইএস)	১. সেবা প্রদান প্রতিশ্রুতির ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর অনিক ও আপীল কর্মকর্তার তথ্য	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর অনিক ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে।
কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)	<u>দাপ্তরিক সেবা (সেবা নং ৭ ও ৮):</u> ১. সেবার নাম: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি(এপিএ) প্রণয়নপূর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান: মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)-র ফরমেট ২. সেবার নাম: তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান: তথ্য অধিকার আইন অনুযায়ী ফরমেট ও আবেদন পত্র	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়নপূর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ সেবা এর ক্ষেত্রে ওয়েবসাইটের লিংক এবং তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন এর ক্ষেত্রে সেবার নামটি সুনির্দিষ্ট করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।




দপ্তর/সংস্থা	দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি	কৃষি মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ
কৃষি বিপন্ন অধিদপ্তর (ডিএএম)	নাগরিক সেবা (সেবা নং ৩): ১. সেবার নাম: বাজারকারবারীদের লাইসেন্স প্রদান ও নবায়ন সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি: ক্যাটাগরি অনুসারে মূল্যের পরিমাণ উল্লেখ রয়েছে	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি কলামে সেবা মূল্য পরিশোধের ফরমেট (কোর্ট ফি/স্ট্যাম্প/ চালান/নগদ/ব্যাংকে জমা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে এবং ট্রেজারি চালান কোড নম্বর সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ)	১. সেবা প্রদান প্রতিশ্রুতির সুনির্দিষ্ট ফরমেট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করতে হবে;	সুনির্দিষ্ট ফরমেট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করতে হবে
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ)	১. সেবা প্রদান প্রতিশ্রুতির ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী নির্ধারণ	সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)	অভ্যন্তরীণ সেবা (সেবা নং ৭ ও ৮): ১. সেবার নাম: শান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর; ২. সেবার নাম: অর্জিত ছুটি মঞ্জুর; ৩. বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর; ৪. সেবা প্রদান প্রতিশ্রুতির ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী নির্ধারণ	অভ্যন্তরীণ সেবা হিসেবে উল্লিখিত সেবা ৩ টি সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ করে করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে
মুক্তিকা সম্পদ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (এসআরডিআই)	১. সেবা প্রদান প্রতিশ্রুতির ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী নির্ধারণ	সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) এর নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।
বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডরিউএমআরআই)	অভ্যন্তরীণ সেবা (সেবা নং ৭ ও ৮): ১. সেবার নাম: শান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর; ২. সেবার নাম: অর্জিত ছুটি মঞ্জুর; ৩. বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর;	অভ্যন্তরীণ সেবা হিসেবে উল্লিখিত সেবা ৩ টি সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

২। সিদ্ধান্ত : পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রম সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র/নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সেবা গ্রহীতার নিকট চাহিত সেবা তুলে দেয়ার জন্য প্রয়োজনীয় সর্বোচ্চ সময় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে এবং তা যেন কোন ক্রমেই সেবা প্রদান প্রতিশ্রুতি প্রবর্তনের পূর্বে সেবাটি প্রদানের ক্ষেত্রে যে সময় লেগেছে তার চেয়ে বেশী না হয় তা	সকল দপ্তর/সংস্থা প্রধান
২.	কোন সেবা প্রদানের জন্য আবেদনপত্রের নির্দিষ্ট ফরমেট/ফর্ম থাকলে তা বাংলাদেশ ফর্ম নম্বরসহ উল্লেখ করতে হবে;	সকল দপ্তর/সংস্থা প্রধান
৩.	সেবা মূল্য পরিশোধের ক্ষেত্রে কখন, কীভাবে এবং কোন ফরমেটে (কোর্ট ফি/স্ট্যাম্প/ চালান/নগদ/ব্যাংকে জমা) প্রদান করতে হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে এবং চালানের মাধ্যমে জমা প্রদানের ক্ষেত্রে চালানের খাত বা কোড নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে; এবং	সকল দপ্তর/সংস্থা প্রধান
৪.	কার্যবিবরণীর ১.৩ অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর/সংস্থার সেবাসমূহ হালনাগাদ করে ২৭/০৯/২০২২ তারিখের মধ্যে মনিটরিং ও রিপোর্টিং শাখাকে অবহিত করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

  
(নাজিয়া শামিন)

যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)

ও

আহ্বায়ক

সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি

কৃষি মন্ত্রণালয়